রাজশ্হী সরকারি মডেল স্কুল এন্ড কলেজ
অর্ধ– বার্ষিক পরীক্ষার পাঠপরিকল্পনা অনুযায়ী
বিষয় : গণিত ( ১ – ৫ এবং ১০.১ ও ১০.২ অধ্যায় )
শ্রেণি : তৃতীয়

১। সংক্ষেপে উত্তর লেখ: ( ২০ টির উত্তর দিতে হবে ) ১ ×২০ = ২০

সংক্ষিপ্ত ও যোগ্যতাভিত্তিক নমুনা প্রশ্ন :

( অধ্যায় : ১ )

১। সহস্র অর্থ কী ?
২। এক অযুত সমান কত ?
৩। ছয়শত ছিয়াত্তর কে কথায় লিখ।
৪। ১০০০০০ বলতে কী বোঝ ?
৫। ৩৪৫৫ + ৩৪৫৪ = কত
৬। ৬২০০ তে ১০০ এর কয়টি দল আছে ?
৭। ১৪৯৯ ও ১৪৯৪ সংখ্যা দুইটিকে সম্পর্ক প্রতীকের সাহায্যে তুলনা কর।
৮। ৭৮৯৫ কে কথায় লিখ।
৯। বিংশ ক্রমবাচক সংখ্যার সংক্ষিপ্ত রুপ লিখ।
১০। ৫২০০ তে ১০০ এর কয়টি দল আছে ?
১১। ২০ টি শত মিলে কী গঠিত হয় ?
১২। ৮১০০ এ কয়টি শতক আছে ?
১৩। অষ্টাদশ ক্রমবাচক সংখ্যার পূর্বের সংখ্যার পূর্বের সংখ্যাটি কত ?
১৪। একটি লাইনে ১৮ জন ছাত্র আছে। সর্বশেষের ছাত্রটির ক্রমবাচক স্থান কত ?
১৫। এক অঙ্কের বিজোড় সংখ্যাগুলো লিখ।

( অধ্যায় : ২ )

১৬। বিয়োগ করে যে সংখ্যা পাওয়া যায় তাকে কী বলে ?
১৭। যোগ করে যে সংখ্যা পাওয়া যায় তাকে কী বলে ?
১৮। দুইটি হাজার এবং তিনটি শতকের যোগফল কত ?
১৯। চার অঙ্কের বৃহত্তম সংখ্যা ও চার অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যার যোগফল কত ?
২০। ১০ বছর পূর্বে শিমার বয়স ১৫ বছর ছিল। বর্তমানে তার বয়স কত ?
২১। ৩৪ + ৫৪ + ৪৮ + ২৪ = কত
২২। যোগ বা বিয়োগ শুরু করতে হয় কোন স্থান থেকে ?
২৩। ৩ হাজার + ১ শতক + ৫ দশক + ৩ একক = কত
২৪। আঠারো এর পরের সংখ্যাটি লিখ।
২৫। যোগের সময় প্রথমে কোন স্থানীয় অঙ্ক যোগ করতে হয় ?
২৬। যোগ কর : ৩১৬০ + ১৫৩০ + ২৪১২ + ৫০০৩
২৭। একটি বাগানে ৫৩০ টি আম , ৭৪০ টি লিচু এবং ৮৪৫ টি টি পেয়ারা গাছ আছে। ঐ বাগানে মোট কতটি গাছ আছে ?
২৮। ১ ডজন আপেল ও ৩ হালি আপেল মিলে কয়টি আপেল হয় ?
২৯। বিয়োগফল বের করতে বিয়োজন ও বিয়োজ্য এর মাঝে কোন চিহ্ন বসে ?
৩০। বিয়োগের বিপরীত প্রতিক্রিয়া কী হবে ?

( অধ্যায় : ৩ )

৩১। বিয়োজ্য ও বিয়োজন সমান হলে বিয়োগফল = কত
৩২। বিয়োজন – বিয়োজ্য = কী
৩৩। শাহি ও অহনার বয়সের সমষ্টি ২৩ বছর। অহনার বয়স ১১ বছর হলে শাহির বয়স কত ?
৩৪। ৮ দশ ৭ – ৫ দশ ৭ = কত
৩৫। ৯০০ – ৮ এর বিয়োগফলের দশক স্থানীয় অঙ্ক কোনটি ?
৩৬। করিমের বাবা তার মায়ের চেয়ে ৭ বছরের বড় , করিমের বাবার বয়স ৩৪ বছর হলে তার মায়ের বয়স কত ?
৩৭। বিয়োগ অঙ্কের ক্ষেত্রে বড় সংখ্যাটিকে কী বলে ?

( অধ্যায় : ৪ )

৩৮। ৭ দশ × ৭ একক = কত
৩৯। ১ ঘন্টায় কত মিনিট ?
৪০। ১৩ × ১৩ = কত
৪১। বিয়োগফল নির্ণয়ের সূত্রটি লিখ ।
৪২। ৮৭৯ – ৩৫৯ = ৫২০, এখানে বিয়োজ্য কত ?

৪৩। ৯ দশ × ৭ একক = কত ?

৪৪। ১ ডজনে ১২ টি হলে ৭ ডজনে কতটি হয় ?

৪৫। ১ মিনিটে ৬০ সেকেন্ড হলে ১ ঘন্টায় কত সেকেন্ড ?

৪৬। গুণ্য ও গুণকের স্থান বিনিময়ে কী একই থাকে ?

৪৭। গুণের বিপরীত প্রক্রিয়া কী ?

( অধ্যায় : ৫ )

৪৮। ১০৮ ÷ ১২ = কত

৪৯। ৮৪ ÷ ১২ = ৭ , এখানে ভাজ্য কত ?

৫০। কোন সংখ্যাকে ০ ( শূন্য ) দ্বারা গুণ করলে গুণফল কত হবে ?

৫১। রশ্নির কয়টি প্রান্ত বিন্দু আছে ?

৫২। বিন্দুর কী আছে ?

৫৩। সমকোণের পরিমান কত ডিগ্রি ?

২। নিচের সংখ্যাগুলো লক্ষ কর ও প্রশ্নগুলোর উত্তর দাও :

৩৯৯ , ৪৫৯ , ৩৭৯ , ৪৮৯

ক. ছোট থেকে বড় প্রতীকের সাহায্যে দেখাও।

খ. বৃহত্তম সংখ্যাটি কথায় লিখ।

গ. সংখ্যাগুলোর দশকের স্থানের অঙ্ক বড় থেকে ছোট ক্রমে লিখ ।

৩। শ্রেণি কক্ষে শিক্ষক ছাত্রকে একটি সংখ্যা লিখতে বলল , অংকন ৮৮৮৮ সংখ্যাটি লিখল এবং শিক্ষক তাকে ধন্যবাদ জানাল।

ক. সংখ্যাটি কথায় লিখ।

খ. একক ও দশক স্থানের অঙ্কের যোগফল কত ?

গ. সংখ্যাটির প্রথম তিনটি অঙ্কের স্থানীয় মান নির্ণয় কর ।

৪। জামাল সাহেব তার মুদির দোকান থেকে প্রথম সপ্তাহে ৬৮০ টাকা , দ্বিতীয় সপ্তাহে ১০০০ টাকা, তৃতীয় সপ্তাহে ৮৯০ টাকা লাভ করল।

ক. প্রথম ও দ্বিতীয় সপ্তাহে মোট কত টাকা লাভ করল ?

খ. দ্বিতীয় ও তৃতীয় সপ্তাহে মোট কত টাকা লাভ করল ?

গ. তিন সপ্তাহে তার মোট কত টাকা লাভ হলো ?

৫। একটি শহরে ২৩৪৬৫ জন পুরুষ , ২২২৮০ জন মহিলা ও ১১২৮০ জন শিশু বাস করে।

ক. পুরুষ ও মহিলার সংখ্যা কথায় লিখ।

খ. ঐ শহরে মহিলা ও শিশুর মোট সংখ্যা কত ?

গ. পুরুষের চেয়ে মহিলা কত জন কম ?

ঘ. উক্ত শহরে মোট জনসংখ্যা কত ?

৬। ছেলের বয়স ১৮ বছর মায়ের বয়স ৫২ বছর।

ক. ছেলের বয়স এবং মায়ের বয়সের পার্থক্য কত ?

খ. মা ছেলের থেকে কত বছরের বড় ?

গ. ১০ বছর আগে ছেলের বয়স কত ছিল ?

ঘ. ১৫ বছর পরে মা ও ছেলের মোট বয়স কত হবে ?

৭। একটি দোকানে ২৪০ টি কমলা , ১০৯০ টি লিচু , ১২০ টি লেবু আছে।

ক. ২২৫ টি কমলা বিক্রি করা হলে কতটি কমলা অবশিষ্ট থাকবে ?

খ. দোকানে মোট কত গুলো ফল আছে ?

গ. ৩৪৫ টি লিচু বিক্রি করা হলে কতটি লিচু অবশিষ্ট থাকবে ?

ঘ. অবশিষ্ট লিচুর সাথে ২২৮ টি লিচু ক্রয় করলে মোট কতটি হবে ?

৮। রাফিদের বাগানে ১৫ সারি সুপারি গাছ এবং প্রতি সারিতে ২৪ টি করে গাছ এবং ১৮ সারি নারিকেল গাছ এবং প্রতি সারিতে ১২ টি করে গাছ আছে।

ক. রাফিদের বাগানে নারিকেল ও সুপারির মোট কত সারি গাছ আছে ?

খ. কতগুলো সুপারি গাছ আছে ?

গ. কতগুলো নারিকেল গাছ আছে ?

ঘ. বাগানে মোট নারিকেল ও সুপারির কত গুলো গাছ আছে ?

৯। শীমার টাকার ৯ গুণ টাকা শশীর কাছে আছে। শীমার টাকার ১২ গুণ টাকা সুমির কাছে আছে। শীমার কাছে ১২৫ টাকা আছে।

ক. শীমার টাকার ৫ গুণ সমান কত ?

খ. শশীর কাছে কত টাকা আছে ?

গ. সুমির কছে কত টাকা আছে ?

১০। একটি শ্রেণিতে ৩৬ জন শিক্ষার্থী আছে। প্রতি বেঞ্চে ৩ জন করে শিক্ষার্থী বসতে পারে।

ক. শিক্ষার্থী বসার জন্য কয়টি বেঞ্চের প্রয়োজন ?

খ. ৭২ টি চকলেট শিক্ষার্থীদের মধ্যে বিতরণ করা হলে , প্রত্যেকে কয়টি করে চকলেট পাবে ?

গ. প্রতি বেঞ্চে ৪ জন করে বসলে কয়টি বেঞ্চ লাগবে ?

১১। ২৪ টি কমলার দাম ৪৮০ টাকা এবং ১০টি ডিমের দাম ৯০ টাকা।

ক. ভাগফল কাকে বলে ?

খ. ১ টি কমলার দাম কত ?

গ. ১ টি কমলা ও ডিমের দামের পার্থক্য কত ?

ঘ. ডিমের দাম বেড়ে দ্বিগুণ হলে ৪ হালি ডিমের দাম কত ?

১২। ৬ টি পেয়ারার দাম ৭২ টাকা। একটি ঝুড়িতে ২৮৮০ টাকার পেয়ারা আছে।

ক. একটি পেয়ারার মূল্য কত ?

খ. ঝুড়িতে কতটি পেয়ারা আছে ?

গ. তুমি ঝুড়ির পেয়ারাগুলো ১০ জন বন্ধুকে কয়টি করে দিতে পারবে ?

১৩। তন্দ্রা চাকমা গাড়ি চালিয়ে ঘন্টায় ৪০ কিলোমিটার যান।

ক. ৫ ঘন্টা সমান কত মিনিট ?

খ. এক ঘন্টায় জ্বালানী বাবদ ৯০ টাকা খরচ হলে ৫ ঘন্টায় কত খরচ হবে ?

গ. একই গতিতে তিনি ৮ ঘন্টায় কত কিলোমিটার যাবেন ?

১৪। ১১৭ , ৯ , ৭ ।

ক. ভাগ কাকে বলে ? উ : বিয়োগের সংক্ষিপ্ত রুপকে ভাগ বলে।

খ. প্রথম সংখ্যাকে দ্বিতীয় সংখ্যা দ্বারা ভাগ কর।

গ. প্রথম সংখ্যাকে তৃতীয় সংখ্যা দ্বারা ভাগ কর।

১৫।। একটি ঝুড়িতে ৫০ টি কমলা আছে। অন্য একটি ঝুড়িতে ৭০ টি কমলা আছে। কমলাগুলো থেকে প্রত্যেকে ২ টি করে কমলা দেওয়া হলো।

ক. মোট কতটি কমলা আছে ?

খ. কমলাগুলো কতজনকে দেওয়া যাবে ?

গ. কমলাগুলো ৩০ জনের মধ্যে ভাগ করে দিলে প্রত্যেক কয়টি করে পাবে ?

ঘ. প্রথম ঝুড়ির কমলা দ্বিগুণ হলে মোট কতটি কমলা হবে ?

১৬। সৈয়দপুর গ্রামের জনসংখ্যা ৩৮৭৬ জন।

ক. গ্রামে জনসংখ্যা ৮৭৬ জন কমে গেলে জনসংখ্য কত হবে ?।

খ. পুরুষের সংখ্যা ১৯৪৩ জন হলে নারীর সংখ্যা কত ?

গ. পুরুষের চেয়ে মহিলা কত জন কম ?

ঘ. যদি নারীর সংখ্যা ২৯৪৩ জন হতো তবে পুরুষের সংখ্যা কত ?

১৭। অভির বাবা বাজার থেকে ৩৫০ টাকা দামে একটি ইলিশ মাছ কিনল।

ক. ১০ টাকায় কত পয়সা হয় ?

খ. ১ হালি ইলিশ মাছের দাম কত ?

গ. ১৫ টি ইলিশ মাছ কিনতে কত টাকা লাগবে ?

১৮। দিশার জামার দাম তিন হাজার একশত আশি টাকা এবং রিয়ার জামার দাম তিন হাজার পাঁচশত চল্লিশ টাকা।

ক. সংখ্যাদুটি অঙ্কে লিখ।

খ. দিশার জামার দামটিতে কয়টি ১০০০ , ১০০ ও ১০ টাকা রয়েছে ?

গ. কার জামার দাম বেশি এবং কত বেশি ?

১৯। রেজার ৬৭৮ টি কাগজ আছে।

ক. সংখ্যাটি কথায় লিখ।

খ. রেজা সীমাকে ৩৪৭ টি কাগজ দিলে কতটি অবশিষ্ট থাকবে ?

২০। কোনো শ্রেণিতে ৩০ জন ছাত্র আছে। প্রতি বেঞ্চে ৫ জন করে বসল।

ক. শ্রেণিতে কয়টি বেঞ্চ লাগবে ?

খ. ঐ শ্রেণিতে আরো ও ৫ জন ছাত্র নতুন ভর্তি হলে কয়টি বেঞ্চ লাগবে ?

২১। তৃতীয় শ্রেণির কয়েকজন ছাত্রের গণিতে প্রাপ্ত নম্বর নিচের ছকে দেওয়া হলো :

| ছাত্রের নাম | রনি | রবি | রকি | রুমি | রসি | রুহি |
|---|---|---|---|---|---|---|
| প্রাপ্ত নম্বর | ৯৭ | ৮৫ | ৭৭ | ৯২ | ৯০ | ৮৩ |

ক.কে সবচেয়ে কম নম্বর পেয়েছে ?

খ. সর্বোচ্চ নম্বর ও সর্বনিম্ন নম্বরের যোগফল কত ?
গ. নম্বর গুলো বড় থেকে ছোট প্রতীক ব্যবহার করে লেখ।
ঘ. প্রাপ্ত নম্বরগুলোর একক স্থানীয় অঙ্কের যোগফল কত ?
২২। নিচে দুই অঙ্ক ও তিন অঙ্ক বিশিষ্ট কয়েকটি সংখ্যা দেওয়া হলো :
৭৯ , ৩১২ , ৫৩৮ , ৪২৫ , ৬৬৯ , ১৩৬ , ২৪৭ , ৯৮ ।
ক. উপরের সংখ্যাগুলো থেকে জোড় সংখ্যাগুলো আলাদা কর।
খ. প্রাপ্ত জোড় সংখ্যাগুলোকে বড় থেকে ছোট এবং ছোট থেকে বড় প্রতীকের সাহায্যে লেখ।
গ. সংখ্যাগুলোর মধ্যে যার দশকের ঘরে ৩ এবং শতকের ঘরে ২ আছে সেগুলো কথায় লেখ।
ঘ. সংখ্যাগুলোর শতকের অঙ্ক দিয়ে বৃহতম ও ক্ষুদ্রতম সংখ্যা গঠন কর।
২৩। রাজশাহী শহরে ২৪৫৭৬ জন পুরুষ, ২৬৪৬ জন মহিলা ও ১২৩৮২ জন শিশু বাস করে।
ক. পুরুষ ও মহিলার সংখ্যা কথায় লেখ।
খ. ঐ শহরে মহিলা ও শিশুর মোট সংখ্যা কত ?
গ. শহরে পুরুষ ও মহিলার মোট সংখ্যা কত ?
ঘ. উক্ত শহরে মোট জনসংখ্যা কত ?
২৪। সুমন ৩৭০ পৃষ্ঠা, ৩৯৯ পৃষ্ঠা, ৪২৭ পৃষ্ঠা ও ৫২০ পৃষ্ঠার গল্পের বই এক মাসে পড়ে শেষ করে।
ক. প্রথম দুইটি বইয়ের মোট পৃষ্ঠা সংখ্যা কত ?
খ. শেষ তিনটি বইয়ের পৃষ্ঠা সংখ্যা কত ?
গ. সুমন ঐ মাসে মোট কত পৃষ্ঠার বই পড়েছিল ?
২৫। মা ও ছেলের বর্তমান বয়সের সমষ্টি ৮০ বছর। ছেলের বর্তমান বয়স ২৮ বছর।
ক. মায়ের বর্তমান বয়স কত ?
খ. মা ছেলের থেকে কত বছরের বড় ?
গ. ৯ বছর আগে ছেলের বয়স কত ছিল ?
ঘ. ১২ বছর পরে মা ও ছেলের মোট বয়স কত হবে ?
২৬। চারজন শ্রমিকের দৈনিক মজুরি যথাক্রমে ৪৮৫ টাকা, ৪৯৩ টাকা, ৫২৬ টাকা ও ৫৭৬ টাকা।
ক. ৪র্থ শ্রমিক ও ২য় শ্রমিকের মজুরির পার্থক্য কত ?
খ. ৩য় শ্রসিক ও ১ম শ্রমিকের মজুরির পার্থক্য কত ?
গ. চারজনের মোট মজুরি কত ?
২৭। করিমের মাসিক আয় ২০৬০০ টাকা এবং মাসিক ব্যয় ১৫৩০০ টাকা।
ক. তার মাসিক জমা কত ?
খ. মাসিক ব্যয় থেকে জমা কত টাকা কম ?
গ. মাসিক জমা থেকে আয় কত টাকা বেশি ?
ঘ. তাঁর মাসিক আয় ২৫৩০০ টাকা হলে মাসিক জমা কত টাকা হবে ?
২৮। তাজকিয়া প্রতিদিন ৪ ঘন্টা করে বই পড়ে।
ক. তাজকিয়া প্রতিদিন কত মিনিট বই পড়ে ?
খ. সে এক সপ্তাহে কত মিনিট বই পড়ে ?
গ. সে এক সপ্তাহে কত সেকেন্ড বই পড়ে ?
২৯। বিথীর টাকার ১৪ গুণ টাকা তিথীর কাছে আছে। বিথীর টাকার ২৩ গুণ সিঁথীর কাছে আছে। বিথীর কাছে ১২৫ টাকা আছে।
ক. বিথীর টাকার ৯ গুণ টাকা সমান কত ?
খ. তিথীর কাছে কত টাকা আছে ?
গ. সিঁথীর কাছে কত টাকা আছে ?
৩০। একটি কলমের দাম ২০ টাকা এবং ১ টি খাতার দাম ৩৮ টাকা।
ক. ৪ টি কলমের দাম কত ?
খ. ১২ টি খাতার দাম কত ?
গ. ২ ডজন করমের দাম কত ?
ঘ. ৯ ডজন খাতার দাম কত ?
৩১। অর্ধ – বার্ষিক পরীক্ষায় গণিতে রাসেল পেয়েছে ৯৯, রাকিব পেয়েছে ৯৬ এবং রহিম পেয়েছে ৯৫।
ক. তিনজনের নম্বরকে বড় থেকে ছোট ক্রমে সাজাও।
খ. তিনজনের নম্বরের যোগফল কত ?
গ. রহিম অপেক্ষা রাসেল কত নম্বর বেশি পেয়েছে ?
ঘ. তিনজনের মোট নম্বরের অঙ্কগুলোর স্থানীয় মান নির্ণয় কর।
৩২। ৯৯৯৯ এবং ৭৭৮৮ দুইটি সংখ্যা।
ক. সংখ্যা দুইটি কথায় লেখ।
খ. প্রথম সংখ্যাটির আগের সংখ্যাটি লিখ।
গ. দ্বিতীয় সংখ্যা থেকে ৬০ বেশি সংখ্যাটি নির্ণয় কর।
৩৩। ৩৫৭১ , ৬০৭৯ , ৮০৬এবং ৯৫৪০ চারটি সংখ্যা।

ক. প্রথম সংখ্যাদ্বয়ের যোগফল কত ?
খ. দ্বিতীয় ও তৃতীয় সংখ্যার যোগফল কত ?
গ. সংখ্যা চারটির সমষ্টি কত ?
৩৪। ৪৫ + ৪৩৮ + ৩০৩৪ এবং ৬৭৫ + ৩০৯ + ২৫৩৩ দুইটি রাশি।
ক. প্রথম রাশির মান কত ?
খ. প্রথম রাশির সাথে ৭৩৩ যোগ করলে যোগফল কত হবে ?
গ. রাশি দুইটির মান সমান কি না নির্ণয় কর।
৩৫। একটি ক্রিকেট খেলায় বাংলাদেশ ৪১০ রান এবং অস্ট্রেলিয়া ৩৮৪ রান করে। অন্য একটি খেলায় ভারত ৩৯০ রান এবং ইংল্যান্ড ৩৫০ রান করে।
ক. বাংলাদেশ ভারতের চেয়ে কত রান বেশি করে ?
খ. বাংলাদেশ কত রানে জয়লাভ করে ?
গ. ভারত কত রানে জয়লাভ করে।
ঘ. অস্ট্রেলিয়া ইংল্যান্ডের চেয়ে কত রান বেশি করেছে ?
৩৬। সিমার বয়স ১৮ বছর। তার মাতার বয়স ৪৫ বছর এবং পিতার বয়স ৫৮ বছর।
ক. ১০ বছর পূর্বে সিমার বয়স কত ছিল ?
খ. পিতার বয়স মাতার বয়স অপেক্ষা কত বেশি ?
গ. সিমা এবং তার মাতার বয়সের পার্থক্য কত ?
ঘ. সিমা ও তার পিতার বয়সের পার্থক্য কত ?
৩৭। একটি ইলিশ মাছের দাম ৯৪০ টাকা।
ক. এরুপ ৫ টি ইলিশ মাছের দাম কত ?
খ. এরুপ ২৫ টি ইলিশ মাছের দাম কত ?
৩৮। জারিফ প্রতিটি কলা ১০ টাকা দরে ৭ ডজন কলা কিনল।
ক. এক হালি কলার দাম কত ?
খ. জারিফ কত টাকার কলা কিনল ?
৩৯। নিচের যে কোন ২ টি প্রশ্নের উত্তর দাও : ( ৩ + ৩) ×২ = ১২
ক. একটি সূক্ষকোণ অঙ্কন কর। অঙ্কিত চিত্রের বৈশিষ্ট্য লেখ।
খ. একটি স্থুলকোণ অঙ্কন কর। অঙ্কিত চিত্রের বৈশিষ্ট্য লেখ।
গ. একটি সমকোণ অঙ্কন কর। অঙ্কিত চিত্রের বৈশিষ্ট্য লেখ।
৪০।। নিচের যে কোন ২ টি প্রশ্নের উত্তর দাও : ( ৩ + ৩) ×২ = ১২
ক. রেখা ও বিন্দুর দুইটি করে বৈশিষ্ট্য লিখ।
খ. একটি তল অঙ্কন কর এবং অঙ্কিত চিত্রের ২ টি বৈশিষ্ট্য লিখ।
গ. কোণভেদে ত্রিভুজ কত প্রকার ও কী কী ? প্রত্যেক প্রকারের চিত্র আঁক ।

## সংক্ষিপ্ত : ( অধ্যায় : ১ )

১। অঙ্ক কী ? উ : ০,১,২,৩,৪,৫,৬,৭,৮,৯ এই দশটি চিহ্নের প্রত্যেকটিকে এক একটি অঙ্ক বলে।
২। সংখ্যা কী ? উ : দুই বা ততোধিক অঙ্ক মিলে সংখ্যা গঠিত হয়। যেমন : ৯৯, ১১২ .... ইত্যাদি এক একটি সংখ্যা।
৩। ১২০ টি গরু নিয়ে ১০ এর দল গঠন করলে কয়টি দল হবে ? উ : ১২ টি
৪। ২৬ টি শত আছে , সংখ্যাটি কত ? উ : ২৬০০
৫। ১০০০ এর আগের সংখ্যাটি কত ? উ : ৯৯৯৯
৬। ৮৭৩ এর আগের বিজোড় সংখ্যা কত ? উ : ৮৭১
৭। ৯৯৯ থেকে ১ কম সংখ্যাটি কত ? উ : ৯৯৮
৮। ১২২ সংখ্যাটি থেকে কত বিয়োগ করলে সংখ্যাটি বিজোড় সংখ্যা হবে ? উ : ১
৯। ৮৭১ এর পূর্বের বিজোড় সংখ্যা কত ? উ : ৮৬৯
১০। ৮৭৩ এর আগের বিজোড় সংখ্যা কত ? উ : ৮৭১
১১। দুই অঙ্কের সর্বোচ্চ বিজোড় সংখ্যা কত ? উ : ৯৯
১২। গণিতের সংখ্যা প্রতীক কতটি ? উ : ১০ টি
১৩। একটি স্কুলে ৩৫০ জন ছাত্র আছে। ১০ জন করে দল গঠন করলে কয়টি দল হবে ? উ : ৩৫ টি।
১৪। ৮৭২ এর আগের জোড় সংখ্যা কত ? উ : ৮৭০
১৫। ৫৫২ এর পরের জোড় সংখ্যা কত ? উ : ৫৫৪
১৬। ৯৯৭৫ সংখ্যাটিকে কথায় লিখ। উ :
১৭। দুই হাজার তিনশত ছাপ্পান্ন কে অঙ্কে লিখ। উ :২৩৫৬
১৮। স্থানীয় মান কী ? উ : সংখ্যায় ব্যবহৃত কোনো অঙ্ক তার অবস্থানের জন্য যে সংখ্যা প্রকাশ করে তাকে ঐ অঙ্কের স্থানীয় মান বলে।
১৯। ৩৬৮০ সংখ্যার সবচেয়ে বড় স্থানীয় মান কত ? উ : তিন হাজার ( ৩০০০)
২০। ৭৮৪২ এর কোন অঙ্কটির স্বকীয় ও স্থানীয় মান সমান ? উ : ২

২১। ৮৭৬৮< ৮৮৭৬ এর অর্থ কী ? উ : ৮৭৬৮ থেকে ৮৮৭৬ ছোট।

২২। ক্রমবাচক সংখ্যা কী ? উ : একই সারি দল বা শ্রেণিতে অবস্থিত কোনো ব্যক্তি বা বস্তুর সংখ্যার ক্রম বা পর্যায় বোঝাতে যে সংখ্যা ব্যবহার করা হয় তাকে ক্রমবাচক সংখ্যা বলে।

২৩। একাদশ ক্রমবাচক সংখ্যার সংক্ষিপ্ত রুপ লিখ। উ : ১১শ

যোগ্যতাভিত্তিক : ( অধ্যায় : ১ )

৪। দশ জনের দলে পাঁচ জনের ১০ শত , দুই জনের ২৫৭ টি এবং তিন জনের চারশত ছিয়াত্তরটি মারবেল আছে।

ক. তিন জনের মারবেল সংখ্যাকে অঙ্কে লিখ। উ : ৪৭৬

খ. দুই ও তিন জনের মারবেলের সংখ্যার আগের সংখ্যা লিখ। উ : ২৫৬ ও ৪৭৫

গ. পাঁচ জনের প্রত্যেকের মারবেল সংখ্যা কত ? উ : ২০০ টি।

৫। ৬২ দশক এবং ৩৯ শতক,

ক. সংখ্যা দুইটি নির্ণয় কর। উ : ৬২০ ও ৩৯০০

খ. সংখ্যা দুটির যোগফলের পরের সংখ্যাটি কত ? উ : ৪৫২১।

গ. সংখ্যা দুটির যোগফল এবং ৪৫৭০ এর পার্থক্য কত ? উ : ৫০।

৬। একটি গাণিতিক বাক্য : ৩৬০৯ ´ ৩৯০৬ ´ ৩৯৬০

ক. খালি ঘরে < বা > প্রতীক বসাও ।

খ. বড় ও ছোট সংখ্যাটির পার্থক্য কত ?

গ. পার্থক্যকে কথায় লিখ।

৭।মিনা , টিনা ও বিনা তিন বান্ধবী গণিত বিষয়ের বই পড়ে জানতে পারল ৭৫৬২ , ৫০০২ , ৭৭৭৭ এবং ৬৮৯৯ সংখ্যাগুলো চার অঙ্কবিশিষ্ট্য সংখ্যা।

ক. সংখ্যা গুলোর অবস্থান ক্রমবাচক সংখ্যায় লিখ। উ : প্রথম , দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ।

খ. সংখ্যাগুলো বড় থেকে ছোট ক্রমে লিখ। উ : ৭৭৭৭> ৭৫৬২> ৬৮৯৯> ৫০০২।

গ. সবচেয়ে ছোট সংখ্যাটির স্থানীয় মান লিখ। উ : ৫ হাজার ০ শতক ০ দশক ২ একক।

৮। রোহান, সোহান ও তুহিন গণিত পরীক্ষায় ৯২, ৮৮, ৮৫ নম্বর পেল।

ক. তুহিনের প্রাপ্ত নম্বরকে কথায় লিখ। উ :

খ. নম্বরগুলোর মধ্যে বেশি ও কম নম্বরটি লিখ। এবং বেশি নম্বরটি কথায় লিখ।

গ. নম্বরগুলোকে ছোট থেকে বড় ক্রমে লিখ।

৯। হাসিব বার্ষিক পরীক্ষায় ৮০০ নম্বরের মধ্যে ১০ নম্বর কম পেয়েছে। ত্র বন্ধু ফায়সাল তার চেয়ে ১ নম্বর বেশি পেয়েছে।

ক. হাসিব কত নম্বর পেয়েছে ?

খ. ফয়সাল কত নম্বর পেয়েছে ?

গ. হাসিব ও ফয়সালের প্রাপ্ত নম্বরের স্থানীয় মান লেখ।

১০। শিক্ষক শ্রেণি কক্ষে ছাত্রদের নিম্নের সংখ্যা চারটি লিখতে বললেন – ৮২৭৩ , ৯৩২৯ , ৭৮২৩, ৩৯২৭

ক. প্রতীক ব্যবহার করে সংখ্যাগুলো তুলনা কর।

খ. সবচেয়ে ছোট সংখ্যাটির ক্র্রমবাচক অবস্থান কত ? উ : চতুর্থ।

গ. প্রথম সংখ্যাটি কথায় লেখ।

ঘ. সবচেয়ে বড় সংখ্যাটির স্থানীয় মান লিখ।

১১। তৃতীয় শ্রেণির কয়েকজন ছাত্রীর গণিতে প্রাপ্ত নম্বর নিচের ছকে দেওয়া হলো :

| ছাত্রীর নাম | কণা | স্বর্ণ | সৃষ্টি | মিনি | ইতি | ঝর্ণা |
|---|---|---|---|---|---|---|
| প্রাপ্ত নম্বর | ৯৩ | ৭৫ | ৬৭ | ৯০ | ৯৫ | ৮২ |

ক. কে সবচেয়ে বেশি নম্বর পেয়েছে ? উ : ইতি

খ. সর্বোচ্চ নম্বর ও সর্বনিম্ন নম্বরের যোগফল কত ? উ : ১৬২

গ. নম্বরগুলো বড় থেকে ছোট প্রতীক ব্যবহার করে লেখ।

ঘ. প্রাপ্ত নম্বরগুলোর একক স্থানীয় অঙ্কের যোগফল নির্ণয় কর। উ : ২২

সংক্ষিপ্ত ( অধ্যায় : ২ )

১। যোগের সময় প্রথমে কোন স্থানীয় অঙ্ক যোগ করতে হয় ? উ : একক

২। যোগের ক্ষেত্রে সর্বনিম্ন কতটি সংখ্যা লাগে ? উ : ২ টি

৩। যোগের বিপরীত প্রক্রিয়া কী ? উ : বিয়োগ।

৪। মালার চেয়ে শফিক ৬ বছরের বড়। মালার বয়স ১৪ বছর হলে, শফিকের বয়স কত ? উ : ২০ বছর।

৫। যোগ বা বিয়োগ শুরু করতে হয় কোন স্থান থেকে ? উ : একক।

৬। ৭২ + ৩৩ = কত

৭। ২৭০০০০ + ২৭০৭ + ২০ = কত

৮। ৩০৪০, ৪০০,১৩০৩ সংখ্যাগুলোর যোগফল কত ?

৯। ১৫০ + ২৫৫ + ১৮৬ = কত

১০। ১৬৪, ২৪৬,৪৬৭ সংখ্যাগুলোর যোগফল কত ?

১১। একটি বাগানে ৬৩০ টি আম, ৭৪০ টি লিচু এবং ৭৪৫ টি পেয়ারা গাছ আছে। ঐ বাগানে মোট কতটি গাছ আছে ?

যোগ্যতাভিত্তিক : ( অধ্যায় : ২ )

১।একটি নার্সারিতে ৬২০ টি গোলাপ, ৮৩২ টি জবা ও ৯৪৬ টি গাঁদা ফুলের গাছ ছিল। বর্তমানে ঐ নার্সারিতে আরও ২০ টি গোলাম, ৩২ টি জবা ও ৪০ টি গাঁদা ফুলের গাছ লাগানো হলো।

ক. পূর্বে ঐ নার্সারিতে কতটি গাছ ছিল ?

খ. বর্তমানে কতটি গাছ নতুন লাগানো হলো ?

গ. বর্তমানে ঐ নার্সারিতে গাছের সংখ্যা কত ?

২। লুসাই চাকমা তার মুদির দোকান থেকে প্রথম সপ্তাহে ৬৮০ টাকা, দ্বিতীয় সপ্তাহে ১০০০ টাকা এবং তৃতীয় সপ্তাহে ৮৯০ টাকা লাভ করেন।

ক. কোন সপ্তাহে তিনি বেশি লাভ করেন ?

খ. ১ম ও ২য় সপ্তাহে মোট লাভের পরিমাণ কত ?

গ. তিন সপ্তাহে তার মোট লাভ কত টাকা ?

৩। একটি পুকুরে ১২০০ টি রুই মাছের পোনা , ৯৮৫ টি কাতলা মাছের পোনা ও ৭৬৫ টি মৃগেল মাছের পোনা ছাড়া হয়।

ক. পুকুরে শুধু রুই ও কাতলা মাছের পোনা ছাড়া হলে মোট কতটি পোনা ছাড়া হয়েছিল ?

খ. পুকুরে কতগুলো পোনা ছাড়া হয় ?

গ. যদি পুকুরে আরও ৫০০ টি বিভিন্ন মাছের পোনা ছাড়া হয় , তাহলে মোট পোনার সংখ্যা কত ?

৪। করিমদের ফল বাগানের ৩ টি আমগাছ থেকে যথাক্রমে ৫৩০ টি ৭৩৬ টি ও ৮৯০ টি আম পাড়া হয়েছিল।

ক. প্রথম ও দ্বিতীয় গাছ থেকে কতটি আম পাড়া হয়েছিল ?

খ. প্রথম ও তৃতীয় গাছ থেকে কতটি আম পাড়া হয়েছিল ?

গ. ৩ টি আমগাছ থেকে কতগুলো আম পাড়া হয়েছিল ?

৫। সোহান বাজার থেকে ৫০০ টাকার মাছ, ২০০ টাকার সবজি ও ৩০০ টাকার অন্যান্য জিনিস কিনল।

ক. সে মাছ ও সবজি কিনতে কত টাকা খরচ করল ?

খ. সোহান মোট কত টাকার বাজার করল ?

৬। বগুড়া সদরের শশীবদনী গ্রামে ৩৫৬৭ জন পুরুষ, ২৮৭০ জন মহিলা ও ১২৩০ জন শিশু বাস করে।

ক. ঐ গ্রামে কতজন পুরুষ ও মহিলা বাস করে ?

খ. ঐ গ্রামে কতজন শিশু ও মহিলা বাস করে ?

গ. ঐ গ্রামে মোট জনসংখ্যা বের কর ।

৭। একটি লাইব্রেরিতে ২৩০৭ টি গল্পের বই, ৫৭০ টি কবিতার বই, ১২৫০ টি প্রবন্ধের বই আছে।

ক. লাইব্রেরিতে কোন ধরণের বই সবচেয়ে বেশি আছে ?

খ. লাইব্রেরিতে মোট কতগুলো বই আছে ?

গ. যদি লাইব্রেরিটিতে পাঠ্যবই কবিতার বই অপেক্ষা ১৫০ টি বেশি থাকত তবে কতগুলি বই হতো ?

৮। ক্রিকেট খেলায় ওয়েস্টইন্ডিজ দল প্রথম ইনিংসে ২২৩ রান, বাংলাদেশ দল ৩১৬ রান করে। দ্বিতীয় ইনিংসে বাংলাদেশ দল ৪২৫ রান এবং ওয়েস্টইন্ডিজ দল ৩৯৯ রান করে।

ক. ঐ খেলায় ওয়েস্টইন্ডিজ মোট কত রান করেছে ?

খ. দ্বিতীয় ইনিংসে দুই দলের মোট রান কত ?

গ. যদিপ্রথম ইনিংসে বাংলাদেশ দল আরও ১৭ রান বেশি করত তাহলে ঐ খেলায় দুই দলের মোট কত রান হত ?

সংক্ষিপ্ত : ( অধ্যায় : ৩ )

১। সিফাতের বর্তমান বয়স ১০ বছর হলে ৩ বছর আগে তার বয়স কত ছিল ?

২। মাধবী ও লতার বয়স সমান। লতার বয়স ১১ বছর হলে মাধবীর বয়স কত ?

৩। ৮৭৫ − ৬৪৫ = কত

৪। ৮৭৫ − ৬৪৫ = ২৩০, সমাধানটিতে বিয়োজ্য কত ?

৫। ৫৩৭০ − ৪৩৮ = কত

৬। ৯০৬ থেকে ৬০৯ পার্থক্য কত ?

৭। বিয়োজন বের করার সূত্র কী ?

৮। বিয়োজ্যের মান কত হলে বিয়োজন ও বিয়োগফল সমান হয় ? উ :০( শূন্য )।

৯। বিয়োগের বিপরীত প্রক্রিয়া কী ? উ : যোগ।

১০। বিয়োজন কী ? উ : যে সংখ্যা থেকে বিয়োগ করা হয় তাকে বিয়োজন বলে।

১১। বিয়োজ্য কী ? উ : যে সংখ্যা বিয়োগ করা হয় তাকে বিয়োজ্য বলে।

১২। বিয়োগ হলো যোগের কী ? উ : বিপরীত প্রক্রিয়া।

যোগ্যতাভিত্তিক : ( অধ্যায় : ৩ )

১। কোনো স্কুলে ৪২৬ জন ছাত্র এবং ৪৪৪ জন ছাত্রী আছে। বছর শেষে ৭৫ জন শিক্ষার্থী নতুন ভর্তি হলো।

ক. ছাত্র এবং ছাত্রীর সংখ্যার পার্থক্য কত ?

খ. বছর শেষে শিক্ষার্থীর সংখ্যা কত হবে ?

গ. নতুন ভর্তি হওয়া শিক্ষার্থীদের মধ্যে ৩৫ জন ছাত্র হলে বছর শেষে ছাত্রীর সংখ্যা কত হবে ?

২। লুনার ২৬৫০ টাকা আছে এবং সুমার ১২৩০ টাকা আছে। লুনা ও সুমা মিলিতভাবে ৩৫৫০ টাকা দিয়ে একটি মোবাইল কিনল।

ক. দুই জনের একত্রে কত টাকা আছে ?

খ. মোবাইল কেনার পর তাদের আর কত টাকা অবশিষ্ট্য থাকে ?

গ. অবশিষ্ট টাকা এবং সুমার টাকার পার্থক্য কত ?

৩। নাজমা বেগমের মাসিক আয় ৮৯৫০ টাকা এবং মাসিক ব্যয় ৮৭২৫ টাকা।

ক. তার মাসিক আয় ১৫০ টাকা কম হলে মাসে আয়ের পরিমাণ কত ?

খ. তার মাসিক জমার পরিমাণ কত ?

গ. তার মাসিক ব্যয় বাবদ ১০০ টাকা বেশি খরচ হলে মাসিক জমা কত টাকা ?

৪। একটি নার্সারিতে ৯৮৮ টি গোলাপের চারাগাছ ও ৬৭২ টি জবার চারাগাছ আছে।

ক. নার্সারিতে গোলাপের চারা ১৫০ টি কম হলে, গোলাপের চারার সংখ্যা কত ?

খ. নার্সারি থেকে ২৮০ টি জবার চারা বিক্রি হয়ে গেলে কয়টি জবার চারা অবশিষ্ট থাকবে ?

গ. ঐ নার্সারিতে কতটি গোলাপের চারাগাছ বেশি আছে ?

৫। একটি মুরগির খামারে ৯৫০ টি মুরগির বাচ্চা ছিল। এর থেকে ৫৩২ টি মুরগির বাচ্চা বিক্রি করা হলো।

ক. খামারে আর কয়টি মুরগির বাচ্চা আছে ?

খ. ঐ খামারে ৪২০ টি নতুন মুরগির বাচ্চা আনা হলে, এখন খামারে কতটি মুরগির বাচ্চা আছে ?

গ. ‘ খ ’ এর তথ্য ব্যবহার করে পূর্বের তুলনায় কয়টি মুরগির বাচ্চা কম আছে ?

৬। বন্যার্তদের সাহায্যের জন্য শিক্ষার্থীরা ৬০০০ টাকা এবং শিক্ষকবৃন্দ ৮৩০০ টাকা দিলেন। বিদ্যালয়ের তহবিল থেকে ৫২০০ দেওয়া হলো।

ক. শিক্ষার্থী ও শিক্ষাক একত্রে কত টাকা দিল ?

খ. বন্যার্তদের ২৫০০০ টাকা দিতে চাইলে আর কত টাকা প্রয়োজন ?

গ. শিক্ষাকদের তুলনায় বিদ্যালয় তহবিল থেকে কত টাকা কম দেওয়া হলো ?

৭। করিম সাহেবের বয়স ৩৫ বছর। তার মাতার বয়স ৬০ বছর এবং পিতার বয়স ৭৫ বছর।

ক. ১৫ বছর পূর্বে করিম সাহেবের বয়স কত ছিল ?

খ. পিতার বয়স মাতার বয়স অপেক্ষা কত বেশি ?

গ. করিম সাহেবের এবং তার পিতার বয়সের পার্থক্য কত ?

৮। সিন্দুরিয়া গ্রামের জনসংখ্যা ৪৪৩৮ জন। নারীর সংখ্যা ২৭৪৯ জন।

ক. ঐ গ্রামে পুরুষের সংখ্যা কত ?

খ. জনসংখ্যা ৫০০০ হলে পুরুষের সংখ্যা কত হতো ?

গ. নারীর সংখ্যা ২০০০ হলে ঐ গ্রামে পুরুষের সংখ্যা কত হতো ?

৯। রিমির বয়স ২৪ বছর ও তার মায়ের বয়স ৪২ বছর। রিমির বাবার বয়স তার মায়ের বয়স অপেক্ষা ১১ বছর বেশি।

ক. রিমির বাবার বয়স কত ?

খ. ৮ বছর আগে রিমি ও তার মায়ের বয়স কত ছিল ?

গ. ১০ বছর পর কার বয়স কত হবে ?

সংক্ষিপ্ত : ( অধ্যায় : ৪ )

১। গুণক কী ? উ : যে সংখ্যা দিয়ে গুণ করা হয় তাকে গুণক বলে।

২। দুইটি সংখ্যার গুণের ক্ষেত্রে যে সংখ্যাকে গুণ করা হয় তাকে কী বলে ? উ : গুণ্য বলে।

৩। কোনো সংখ্যাকে ০ ( শূন্য ) দ্বারা গুণ করলে গুণফল কত হবে ? উ : শূন্য হবে

৪। গুণ্য কী ? উ : যে সংখ্যাটিকে গুণ করা হয় তাকে গুণ্য বলে।

৫। গুণফল নির্ণয়ের সূত্র লিখ।

৬। গুণের জন্য সর্বনিম্ন কতটি সংখ্যার প্রয়োজন ? উ : ২ টি ।

৭। ৪ টিতে ১ হালি হলে ৮ হালিতে কতগুলো হবে ?

৮। ৬ সপ্তাহে কত দিন ?

৯। ১৩ × ৪ = ৫২ এখানে গুণক কত ?

১০। ৪৩ × ৩ = ১২৯ এখানে গুণ্য কত ?

১১। ৩০৮ × ৬৮ = কত ?

১২। ৩৯ × ২৮ = কত ?

১৩। একটি ইলিশ মাছের দাম ৪৫০ টাকা। এরুপ ৪ টি ইলিশ মাছের দাম কত গাণিতিক বাক্যে লেখ।

১৪। ৫ দশ × ৫ একক = কত ?

১৫। শহীদের বয়স ১৫ বছর ও তার মায়ের বয়স ৪৫ বছর। শহীদের মায়ের বয়স তার বয়সের কত গুণ ? উ : ৩ গুণ।

যোগ্যতাভিত্তিক : ( অধ্যায় : ৪ )

১। মিতা প্রতিদিন ৯ ঘন্টা বই পড়ে। রিতা প্রতিদিন ৮ ঘন্টা করে বই পড়ে এবং ২ ঘন্টা করে পত্রিকা পড়ে।

ক. মিতা তিন দিনে কত ঘন্টা বই পড়ে ?

খ. রিতা ৬ দিনে কত ঘন্টা বই পড়ে ?

গ. রিতা ৭ দিনে কত ঘন্টা বই ও পত্রিকা পড়ে ?

২। সংখ্যা দুটি লক্ষ কর : ৩৮৪ , ৫১২

ক. সংখ্যা দুটির গুণফল কত ?

খ. প্রথম সংখ্যাটির দ্বিগুণ ও দ্বিতীয় সংখ্যার গুণফল কত ?

গ. দেখাও যে, প্রথম সংখ্যার চারগুণ ও দ্বিতীয় সংখ্যার তিনগুণ সমান।

৩। রিনার টাকার ১৫ গুণ টাকা মিনার কাছে আছে। রিনার টাকার ২৩ গুণ টিনার কাছে আছে। রিনার কাছে ১১৫ টাকা আছে।

ক. রিনার টাকার ৯ গুণ টাকা সমান কত ?

খ. মিনার কাছে কত টাকা আছে ?

গ. টিনার কাছে কত টাকা আছে ?

৪। একটি ক্লাসে ১৫ টি বেঞ্চ রয়েছে। প্রতি বেঞ্চে ৫ জন শিক্ষার্থী বসতে পারে।

ক. ১২ টি বেঞ্চে কতজন শিক্ষার্থী বসতে পারবে ?

খ. ঐ ক্লাসে সর্বমোট কতজন শিক্ষার্থী বসতে পারে ?

গ. যদি প্রতি বেঞ্চে ৪ জন করে বসে তাহলে ক্লাসে মোট কতজন শিক্ষার্থী বসতে পারবে ?

৫। রিমি প্রতিদিন ৬ ঘন্টা করে বই পড়ে, ৯ ঘন্টা ঘুমায় এবং ১ ঘন্টা খেলা করে।

ক. রিমি এক সপ্তাহে কত ঘন্টা বই পড়ে ?

খ. রিমি তিন সপ্তাহে কত ঘন্টা বই পড়ে ?

গ. রিমি ১ মাসে কত ঘন্টা ঘুমায় ?

ঘ. রিমি এক মাসে কত ঘন্টা খেলা করে ?

৬। খুশিদের বাগানে ১০ সারি সুপারিগাছ আছে এবং প্রতি সারিতে২৪ টি করে গাছ আছে। একটি সুপারিগাছ লাগাতে খরচ হয় ৬০ টাকা।

ক. প্রতি সারিতে সুপারিগাছ লাগাতে কত খরচ হয় ?

খ. বাগানে কতগুলো গাছ আছে ?

গ. বাগানটিতে গাছ লাগাতে মোট কত টাকা খরচ হয় ?

৮। ১ টি কলমের দাম ১২ টাকা এবং ১ টি খাতার দাম ৩০ টাকা।

ক. ৩ টি কলমের দাম কত ?

খ. ১০ টি কলমের দাম কত ?

গ. ২ ডজন কলমের দাম কত ?

ঘ. ৯ ডজন খাতার দাম কত ?

৯। করিম সাহেব গাড়ি চালিয়ে ঘন্টায় ৪০ কিলোমিটার যান। একই গতিতে ৮ ঘন্টা গাড়ি চালান।

ক. ঘন্টায় অতিক্রান্ত দূরত্বের ৭ গুণ সমান কত কি.মি ?

খ. তিনি ১০ ঘন্টা গাড়ি চালিয়ে কত দূর যেতে পারেন ?

গ. তিনি একই গতিতে ৮ ঘন্টায় কত কিলোমিটার যাবেন ?

সংক্ষিপ্ত : ( অধ্যায় : ৫ )

১। ৭ ÷ ৭ = কত ?

২। ০ ÷ ১০ = কত ?

৩। ০ ÷ ৯ = কত ?

৪। ৬০ মিটার লম্বা ফিতার ৫ ভাগের এক ভাগ কত মিটার ?

৫। ভাগ কী ? উ : ভাগ হচ্ছে পুন:পুন বিয়োগ।

৬। কোনটি শূন্য হলে ভাগ করা যায় না ? উ : ভাজক

৭। ভাজ্য ০ হলে ভাগফল কত ? উ : ০

৮। ১৭ ÷ ৩ এই ভাগে ভাগশেষ কত ?

৯। ১২ ÷ ৩ = ৪, এখানে ভাজক কত ?

১০। ৯৬ ÷ ৪ = কত ?

১১। ৯৩ ÷ ৫ , এখানে ভাগশেষ কত ?

১২। অবশিষ্ট বা ভাগশেষ ভাজক থেকে কী হয় ? উ : ছোট হয়।

১৩। ভাজক ও ভাগশেষের মধ্যে কোনটি বড় ? উ : ভাজক।

১৪। যে সংখ্যাকে ভাগ করা হয় তাকে কী বলে ? উ : ভাজ্য।

১৫। ভাজ্য কী ? উ : যে সংখ্যাকে ভাগ করা হয় তাকে ভাজ্য বলে।

১৬। ভাজক কী ? উ : যে সংখ্যাকে দ্বারা অপর সংখ্যাকে ভাগ করা হয় তাকে ভাজক বলে ?

১৭। ভাগফল কী ? উ : ভাগ করার পর যে সংখ্যা পাওয়া যায় তাকে ভাগফল বলে।

১৮। ভাগশেষ কী ? উ : ভাগ করার পর যা অবশিষ্ট থাকে তাই ভাগশেষ।

১৯। ভাগফল কখন ১ হয় ? উ : ভাজ্য ও ভাজক সমান হলে।

২০। এক হালি সমান ৪ টি হলে, ৭২ টিতে কয় হালি ? উ : ১৮ হালি।

যোগ্যতাভিত্তিক : ( অধ্যায় : ৫ )

১। করিমের কাছে ৬৫ টি পেয়ারা আছে। ১ টি পেয়ারার দাম ১০ টাকা। সে ৫ জনের মধ্যে পেয়ারাগুলো সমানভাবে ভাগ করে দিল।

ক. প্রত্যেকে কয়টি করে পেয়ারা পাবে ?

খ. একটি পেয়ারার দাম ২ টাকা কমে গেলে ১৪৪ টাকায় কয়টি পেয়ারা পাবে ?

গ. একটি পেয়ারার দাম ৩ টাকা কমে গেলে ১২৬ টাকায় কয়টি পেয়ারা পাওয়া যাবে ?

২। তাসলিমার কাছে ৯২ টি পেনসিল আছে। সে তার ৪ জন বন্ধুর মধ্যে সমানভাবে পেনসিলগুলোকে ভাগ করে দিলো।

ক. যদি প্রতিটি পেনসিলের দাম ২ টাকা বাড়ে তবে ৭০ টাকায় কয়টি পেনসিল পাওয়া যাবে ?

খ. তাসলিমার বন্ধুরা প্রত্যেকে কয়টি করে পেনসিল পেল ?

গ. তাসলিমার কাছে যদি ১৭২ টি পেনসিল থাকতো তাহলে ৪ জন বন্ধু প্রত্যেকে কয়টি করে পেতো ?

৩। জিতু ৬৪০ টাকা দিয়ে ৮০ মিটার লম্বা একটি ফিতা কিনল। ফিতাটির ৪ ভাগের ১ ভাগ ফিতা অপুকে দিল। অপু তার ফিতার ৫ ভাগের ১ ভাগ নিপুকে দিল।

ক. অপু কত মিটার ফিতা পেল ?

খ. অপু নিপুকে কত মিটার ফিতা দিল ?

গ. প্রতি মিটার ফিতার মূল্য কত ?

৪। অংকন দোকান থেকে ৯৬ টাকা দিয়ে ১২ টি কলম, ২৫৬ টাকা দিয়ে ৮ টি খাতা এবং ১২ টাকা দিয়ে ১ টি রং পেনসিল কিনল।

ক. ১ টি কলমের মূল্য কত ?

খ. ১ টি খাতার মূল্য কত ?

গ. ১৮০ টাকায় সে কয়টি রং পেনসিল কিনতে পারবে ?

৫। রবি সাহেব একটি দোকান থেকে ৪৫ টি চকলেট, ৯৩ টি পেনসিল এবং ৬৪৮ টি কাগজ কিনলেন।

ক. তিনি চকলেটগুলো ৫ জনের মধ্যে সমানভাবে ভাগ করে দিলে প্রত্যেকে কয়টি করে চকলেট পাবে ?

খ. তিনি পেনসিলগুলো ৭ জনকে দিলে কতটি পেনসিল অবশিষ্ট থাকে ?

গ. তিনি কাগজগুলো ৪ জনকে সমানভাবে ভাগ করে দেন। তাহলে প্রত্যেকে কয়টি করে কাগজ পাবে ?

৬। রাশিদা বেগম তার ছেলের জন্য ৪৬ টাকা দিয়ে ২ টি খাতা, ৪৫ টাকা দিয়ে ৯ টি পেনসিল, ৬০ টাকা দিয়ে ১২ টি কলম কিনলেন।

ক. ১ টি খাতার দাম কত ?

খ. ১ টি পেনসিলের দাম কত ?

গ. ১ টি কলমের দাম কত ?

৭। ৫ ডজন কলার দাম ৪৮০ টাকা।

ক. প্রকি ডজন কলার দাম কত ?

খ. প্রতিটি কলার দাম কত ?

গ. ৭৯২ টাকায় কয়টি কলা পাওয়া যাবে ?

৮। বিজু ৫৩২ টাকা নিয়ে বাজারে গেল। বাজারে গিয়ে দেখল ১ টি কলার দাম ৫ টাকা এবং ১ হালি ডিমের দাম ২৮ টাকা।

ক. ৮০ টাকায় কয়টি কলা কিনতে পারবে ?

খ. ১ টি ডিমের দাম কত ?

গ. বিজু তার টাকা দিয়ে কতটি ডিম কিনতে পারবে ?

ঘ. বিজু ডিমগুলো প্রতি ৪ জনকে সমান ভাগে ভাগ করে দিতে চায় তবে প্রত্যেকে কয়টি করে ডিম পাবে ?

৯। ১২৫ , ৯ , ৫ তিনটি সংখ্যা।

ক. ভাজ্য কাকে বলে ?

খ. ১ম সংখ্যাকে ২য় সংখ্যা দ্বরা ভাগ কর।

গ. ১ম সংখ্যাকে ৩য় সংখ্যা দ্বারা ভাগ কর।

১০। ৬ টি পেয়ারার দাম ৪৮ টাকা। একটি ঝুড়িতে ২৮৮০ টাকার পেয়ারা আছে।

ক. ৬ ডজনে কতটি পেয়ারা ?

খ. একটি পেয়ারার দাম কত ?

গ. ঝুড়িতে কতটি পেয়ারা আছে ?

ঘ. তুমি ঝুড়ির পেয়ারাগুলো ১০ জন বান্ধবীকে কয়টি করে দিতে পারবে ?